

আল-আসর | Al-Asr | الْعَصْرُ

আয়াতঃ ১০৩ : ২

আরবি মূল আয়াত:

إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ﴿٢﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় সকল মানুষ ক্ষতিগ্রস্ততায় নিপতিত। — আল-বায়ান

মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে (ডুবে) আছে, — তাইসিরুল

মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে রয়েছে। — মুজিবুর রহমান

Indeed, mankind is in loss, — Sahih International

২. নিশ্চয় মানুষ(১) ক্ষতির মাঝে নিপতিত(২),

(১) মানুষ শব্দটি একবচন। এখানে মানুষ বলে সমস্ত মানুষই উদ্দেশ্য। কারণ, পরের বাক্যে চারটি গুণ সম্পন্ন লোকদেরকে তার থেকে আলাদা করে নেয়া হয়েছে। তাই এটা অবশ্যি মানতে হবে যে, এখানে মানুষ শব্দটিতে দুনিয়ার সমস্ত মানুষ সমানভাবে শামিল। কাজেই উপরোল্লিখিত চারটি গুণাবলী কোন ব্যক্তি, জাতি বা সারা দুনিয়ার সমস্ত মানুষ যার-ই মধ্যে থাকবে না। সেই ক্ষতিগ্রস্ত হবে, এই বিধানটি সর্বাবস্থায় সত্য প্রমাণিত হবে। [আদওয়াউল বায়ান, ফাতহুল কাদীর]

(২) আভিধানিক অর্থে ক্ষতি হচ্ছে লাভের বিপরীত শব্দ। ব্যবসায়ের ক্ষেত্রে এ শব্দটির ব্যবহার এমন সময় হয় যখন কোন একটি সওদায় লোকসান হয়, পুরো ব্যবসাটায়। যখন লোকসান হতে থাকে। আবার সমস্ত পুঁজি লোকসান দিয়ে যখন কোন ব্যবসায়ী দেউলিয়া হয়ে যায়। তখনো এই শব্দটি ব্যবহার করা হয়ে থাকে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

২। মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্ত। [1]

[1] এটি হল কসমের জওয়াব। মানুষের ক্ষতি ও ধ্বংস সুস্পষ্ট। যেহেতু যতক্ষণ সে জীবিত থাকে ততক্ষণ তার দিনরাত মেহনত ও পরিশ্রমের সাথে অতিবাহিত হয়। অতঃপর সে যখন মৃত্যু বরণ করে তখনও তার আরাম ও শান্তি নসীব হয় না। বরং সে জাহান্নামের ইন্ধনে পরিণত হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6178>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন